গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইপিডেমিওলজী ইউনিট
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং ৩৩.০১.০০০০.২০০.০০৬.০০১.১৭. ২৮৯ তারিখঃ ৩০ /০৯/২০১৮খ্রিঃ

বরাবর
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
ফার্মগেট, ঢাকা ।

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সেপ্টেম্বর/২০১৮ মাসের সভার কার্যবিবরণী প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৩০.০৯.২০১৮ তারিখ উপপরিচালক ও প্রধান, ইপিডেমিওলজী ইউনিটএর সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয় । কর্মকর্তাদের তালিকাসহ উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো।

সংযুক্তিঃ
১. সভার কার্যবিবরণী- তিন পৃষ্ঠা

৩০/৯/১৮

(ডাঃ বশীর আহমেদ)
উপপরিচালক ও প্রধান, ইপিডেমিওলজী ইউনিট
ও
সভাপতি, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১ । ড. মোঃ আবু সুফিয়ান,সহকারী পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২ । ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ইউএলও (লীভ/রিজার্ভ), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩।ড. সৈয়দআলীআহসান, সহকারী পরিচালক, ইপিডেমিওলজী শাখা ও কো-অর্ডিনেটর, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪ । জনাব মোঃ শামীম হোসেন, ইউএলও (লীভ/রিজার্ভ), সংযুক্তিঃ আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তরও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুররহমান, ইউএলও (লীভ/রিজার্ভ), সংযুক্তিঃ পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তরও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৬। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭। ডাঃ মোঃ মোখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণিহাসপাতাল, গাজীপুর।

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলায় এবং গাজীপুর জেলার সদর উপজেলায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ লক্ষ্যে এ২আই, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং ডিএলএস টিম কর্তৃক প্রণীত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে এই প্রকল্পের কো-অর্ডিনেটর সভায় বিস্তারিত উপস্থাপন করেন। | পাইলটিং করতে হবে। | |
| ২. | ইউনিয়ন পর্যায়ে প্রাণিসম্পদ সেবাকেন্দ্র স্থাপন | ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কার্যক্রম খাতে ৪০টি জেলার ৪০টি উপজেলার জন্য প্রতিটিতে ২.০ লক্ষ (দুই লক্ষ) করে মোট ৮০.০০ লক্ষ (আশি লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। আগামী অক্টোবর ২০১৮ মধ্যে নির্বাচিত উপজেলাগুলোতেবরাদ্দসহ কার্যপ্রণালী প্রেরণ করা যেতে পারে। এ জন্য, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বিভাগ ওয়ারী জেলার নাম নির্বাচন পূর্বক উপজেলা ও ইউনিয়নের নাম নির্বাচনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকগণকে চিঠি দেওয়া যেতে পারে/ নির্বাচিত ইউনিয়ন সমূহের তালিকা সংগ্রহ করা যেতে পারে। | সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকগণকে চিঠি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা নির্বাচনপূর্বক বরাদ্দসহ কার্যপ্রণালী প্রেরণ করতে হবে। | ড. মো. রফিকুল ইসলাম, সদস্য ইনোভেশন টিম, ডিএলএস |
| ৩. | এসএমএস কার্যক্রম | বর্তমানে এসএমএস কার্যক্রম বন্ধ রয়েছে। সভায় সকলেই একমত পোষণ করেন যে, এটিকে সচল করা প্রয়োজন। এ লক্ষ্যে, ইতোপূর্বে আইটি শাখায় কর্মরত কর্মকর্তা জনাব মো. সোহরাব হোসেন, আইটি-ইন-চার্জ এবং এসএমএস-এর উদ্ভাবক-কে সরজেমিনে ডেকে নিয়ে যাবতীয় বিষয়গুলো বিস্তারিত জেনে নেওয়া যেতে পারে। | জনাব মো. সোহরাব হোসন, আইটি-ইন-চার্জ (বর্তমানে সাভার এ আই ল্যাব. এ কর্মরত)-এর সাথে যোগাযোগ করে বিস্তারিত জেনে নিতে হবে। | ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার, জনাব মো. শামীম হোসেন, আইটি-ইন-চার্জ, ডিএলএস। |
| ৪ | প্রশিক্ষণ/সেমিনার | ২০১৮-২০১৯ অর্থবছরের বাৎসরিক ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী ১দিনের সেমিনার/কর্মশালা এবং ০২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণের সংস্থান রয়েছে যা বাস্তবায়ন করা প্রয়োজন। | আগামী ২-৩ মাসের মধ্যে ১দিন অথবা ২দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ড. এবিএম মুস্তানুর রহমান<br>ড. মো. শাকিফ-উল আযম |
| ৫ | অনলাইন খামার রেজিস্ট্রেশন | অনলাইন খামার রেজিস্ট্রেশন কার্যক্রম সচল রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এটি সচল রাখার ব্যাপারে সভায় সকলেই একমত পোষণ করেন। | অনলাইন খামার রেজিস্ট্রেশন কার্যক্রম সচল রাখতে হবে। | ড. মো. মোখলেছুর রহমান |
| ৬. | এসআইপি কার্যক্রম | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প'র (এসআইপি) আওতায় প্রাণিসম্পদ অধিদপ্তরের কিছু কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সভায় ড. এবিএম মুস্তানুর রহমান | | ইনোভেশন টীম, ডিএলএস। |

## বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার |
| তারিখ | : ৩০/০৯/২০১৮ খ্রিঃ |
| সময় | : সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : ইপিডেমিওলজী ইউনিট, প্রণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' তেসংযুক্তআছে। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি শুরুতেই চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বরাদ্দ বিষয়ে সকলকে অবহিত করে আলোচনার সূত্রপাত করেন। তিনি বলেন, ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কার্যক্রম খাতে ৪০টি জেলার ৪০টি উপজেলার জন্য প্রতিটিতে ২.০ লক্ষ (দুই লক্ষ) করে মোট ৮০.০০ লক্ষ (আশি লক্ষ) টাকা এবং অধিদপ্তরের বিভিন্ন ইনোভেশন কার্যক্রম (এসএমএস আপডেটকরণ, ই-ভেটেরিনারি সেবা পাইলটিং, এসআইপি, বার্ষিক প্রতিবেদন প্রস্তুকরণসহ ইত্যাদি) কার্যক্রম খাতে ১২০.০ লক্ষ (এক কোটি বিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে।

২। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য ডা. মো. রফিকুল ইসলাম বিগত আগষ্ট ২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় অগ্রগতির বিবরণ অন্তর্ভূক্তির সংশোধনীসহ কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

৩। সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিকনং | আলোচ্যসূচী | আলোচনা | গৃহীতসিদ্ধান্ত/মন্তব্য | সিদ্ধান্তবাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অধিদপ্তরের ইনোভেশন টিম পুর্নগঠন | এ২আই, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর পরিপত্র এবং একজন সদস্য অন্যত্র বদলী হয়ে যাওয়ায় অধিদপ্তরের ইনোভেশন টিম পুনর্গঠন করা প্রয়োজন। | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইনোভেশন টিম পুর্নগঠন পূর্বক ওয়েব ডিএলএস-এর পেইজ-এ আপলোড করতে হবে।<br>প্রস্তাবিত কমিটি<br>১। ডা.বশির আহমেদ ইনোভেশন অফিসার<br>২। ড. সৈয়দ আহসান আলী সদস্য<br>৩। মোঃশামীম হোসেন সদস্য<br>৪। ড.এবিএম মুস্তানুর রহমান সদস্য<br>৫। ড.শাকিফ উল আজম সদস্য<br>৬। ডা. মোঃ মোখলেছুর রহমান সদস্য<br>৭। ডা. মোঃ রফিকুল ইসলাম সদস্য সচিব | ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার, ডিএলএস |
| ১. | ই-ভেটেরিনারি সেবা পাইলটিং | ই-ভেটেরিনারি সেবা কার্যক্রমের বাস্তবায়নের জন্য বিগত ২০১৭-২০১৮ অর্থবছরে সফ্টওয়ার ডেভেলপমেন্টের কাজ শেষ হয়। চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে গোপালগঞ্জ জেলার কাশিয়ানী | এ২আই, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং ডিএলএস টিম কর্তৃক প্রণীত প্রকল্প প্রস্তাবনা ইনোভেশন টীম, ডিএলএস এর সংশোধনী অনুযায়ী ই-ভেটেরিনারি সেবা কার্যক্রমের | ড. সৈয়দআলীআহসান, কো-অর্ডিনেটর, ই-ভেট. সার্ভিস |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কয়েকটি এসআইটি আইডিয়া উপস্থাপন করেন, যেগুলো হ'ল-<br>ক) ফ্লোরভিত্তিক সুপেয় পানির ব্যবস্থা প্রকল্প<br>খ) সেকশনভিত্তিক সুন্দর ফাইল ব্যবস্থপনা প্রকল্প<br>গ) ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা প্রকল্প<br>ঘ) মূল ভবনের প্রবেশ মুখে একটি হেল্প ডেস্ক স্থাপন প্রকল্প<br>ঙ) প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কর্মকর্তাগণের কর্পোরেট সিম সরবরাহ প্রকল্প | | |
| ৭. | বিবিধ | ক) ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠান<br>খ) মাসিক সভার কার্যবিবরণী প্রকাশ<br>গ) পরবর্তী মাসের মাসিক সভা আহবান | ক) প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মাসিক সভা অনুষ্ঠিত হবে।<br>খ) মাসিক সভার কার্যবিবরণী ঐ মাসের ১৫ তারিখর মধ্যে ডিএলএস-এর ওয়েভ পেইজ এ আপলোড করতে হাব।<br>গ) চলতি মাসের মাসিক সভায় পরবর্তী মাসের মাসিক সভার দিন ধার্য করতে হবে। | ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার, ডিএলএস। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/

(ডাঃ বশীর আহমেদ)
উপপরিচালক ও প্রধান, ইপিডেমিওলজী ইউনিট
ও
ইনোভেশন আফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।